

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৬৯

কাঞ্চনপুর, ১০ এপ্রিল, ২০২৪

**লোকসভা নির্বাচন-২০২৪**

**কাঞ্চনপুর মহকুমায় ভোটকর্মীদের দ্বিতীয় পর্যায়ের মহড়া**

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের অন্তর্গত ৫৯-পেঁচারথল (এসটি) ও ৬০-কাঞ্চনপুর (এসটি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের ভোটকর্মীদের দ্বিতীয় পর্যায়ের মহড়া গতকাল অনুষ্ঠিত হয়। কাঞ্চনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং কাঞ্চনপুর গভ: ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে পৃথকভাবে অনুষ্ঠিত নির্বাচনী মহড়াতে ভোট কর্মীদের প্রশিক্ষণ দেন জেলা পর্যায়ের মাস্টার ট্রেনারগণ। নির্বাচনী মহড়ায় সহকারি রিটার্নিং অফিসার তথা উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, সহকারি রিটার্নিং অফিসার তথা কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক প্রদীপ কৃষ্ণরাজ ও ডিসিএমগণ উপস্থিত ছিলেন। মহড়ায় ২৮০ জন ভোটকর্মী অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*